

“খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অবহিতকরণ এবং খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ফিডব্যাক প্রদান বিষয়ে ২২.০৬.২০২২খ্রি. তারিখে সচিব, খাদ্য মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের র‍্যাপোর্টসার্ব রিপোর্ট”

সভাপতিঃ জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, সচিব, খাদ্য মন্ত্রণালয়।

তারিখঃ ২২.০৬.২০২২খ্রি.

সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা।

স্থানঃ অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে।

খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অবহিতকরণ এবং খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার উপর ফিডব্যাক প্রদান বিষয়ে ২২.০৬.২০২২খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম (জুম) এর মাধ্যমে সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে মুখ্য আলোচক জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি, সচিব, খাদ্য মন্ত্রণালয় অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সেমিনারের শুভ উদ্বোধন করেন।

উক্ত সেমিনারে আলোচক হিসাবে উপস্থিত ছিলেন জনাব খুরশীদ ইকবাল রেজভী, অতিরিক্ত সচিব (পরিকল্পনা এবং উন্নয়ন) খাদ্য মন্ত্রণালয়। প্রবন্ধ উপস্থাপক হিসাবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শাহু নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সম্মেলক হিসাবে উপস্থিত ছিলেন জনাব সৌরেন্দ্র নাথ সাহা, উপসচিব ও শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। এছাড়াও অংশগ্রহণকারী হিসাবে খাদ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা, খাদ্য অধিদপ্তরের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, সিস্টেম এনালিস্ট, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চেয়ারম্যান, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত ছিলেন।

প্রবন্ধ উপস্থাপনঃ আলোচনাপর্বে জনাব মোঃ শাহু নেওয়াজ তালুকদার, অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয় ও প্রবন্ধ উপস্থাপক প্রথমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং খাদ্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত শুদ্ধাচার কর্মপরিকল্পনার সকল কার্যক্রম উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম নং-৩.১, ৩.২, ৩.৩ এবং ৩.৪ এর কার্যক্রমে বিষয়ে বিভিন্ন মতামত ও সুপারিশ তুলে ধরেন।

অতঃপর প্রবন্ধ উপস্থাপক খাদ্য মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম লক্ষ্যমাত্রা ও প্রমাণকসমূহ খাদ্য সচিব মহোদয় ও অন্যান্য সকল কর্মকর্তাদের অবহিত করার জন্য উপস্থাপন করেন।

প্যানেল আলোচকদের আলোচনাঃ

মুখ্য আলোচক জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি উপস্থাপিত প্রবন্ধের উপর বিভিন্ন মতামত তুলে ধরেন। তিনি বলেন যে, সমসাময়িক সময়ের কর্মসূচির অতীত গুরুত্বপূর্ণ বিষয়টির গুরুত্ব বিবেচনায় এনে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও একটি উল্লেখযোগ্য উদ্ভাবনী কার্যক্রম। তিনি খাদ্য মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম নং-১.৫, কার্যক্রম নং-২.৪, কার্যক্রম নং-২.৫, কার্যক্রম নং-৩.১, কার্যক্রম নং-৩.২, কার্যক্রম নং-৩.৩ এবং কার্যক্রম নং-৩.৪ এর বিষয়ে লক্ষ্যমাত্রা ও প্রমাণক নির্ধারণ বিষয়ে মূল্যবান মতামত ব্যক্ত করেন।

মুক্ত আলোচনাঃ

মুক্ত আলোচনা পর্বে মহাপরিচালক খাদ্য অধিদপ্তর জনাব মোঃ শাখাওয়াত হোসেন, অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ মজিবর রহমান, অতিরিক্ত সচিব (অডিট ও বাজেট) ড. সালমা মমতাজ, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব খুরশীদ ইকবাল রেজভী, মহাপরিচালক (এফপিএমইউ) জনাব মোঃ শহীদুজ্জামান ফারুকী, খাদ্য মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জনাব আব্দুল কাইউম সরকার ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দুর্নীতি ও সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক কার্যক্রম গ্রহণ বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশাসন-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mofood.gov.bd](http://www.mofood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০১৪.৩২.০০২.২২.২১১

তারিখ: ৩ শ্রাবণ ১৪২৯  
১৮ জুলাই ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১৮-৭-২০২২

সৌরেন্দ্র নাথ সাহা

উপসচিব

ফোন: +৮৮০২৯৫৪০১৫৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৫০২৫

ইমেইল:

[dssupply2@mofood.gov.bd](mailto:dssupply2@mofood.gov.bd)

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৩) চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৪) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৫) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ৬) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৮) পরিচালক (সংস্থাপন ও পরিবিক্ষণ), সংস্থাপন, আর্থিক ও জনসম্পদ ব্যবস্থাপনা এবং পরিবিক্ষণ বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়
- ১০) গবেষণা পরিচালক/সহযোগী গবেষণা পরিচালক/গবেষণা কর্মকর্তা/ডকুমেন্টেশন অফিসার
- ১১) অতিরিক্ত পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ১২) সহকারী পরিচালক, সমন্বয় শাখা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
- ১৩) ইন্সট্রাক্টর, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ১৪) সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, খাদ্য মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ১৫) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, খাদ্য মন্ত্রণালয়